

বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি)
বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

বিটিএমসি'র বছর ভিত্তিক সেবা সহজিকরণঃ

ক্রঃ নং	অর্থ বছর	সেবা সহজিকরণের নাম	সেবা সহজিকরণের সংক্ষিপ্ত বিবরণ	সেবা সহজিকরণের যৌক্তিকতা	বাস্তবায়ন অগ্রগতি
০১	২০১৮-১৯	বিটিএমসি প্রধান কার্যালয় ও মিলসমূহের অবসরগ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীকে চূড়ান্ত দেনা-পাওনার বিষয়টি SMS (খুদে বার্তা) এর মাধ্যমে অবহিতকরণ এবং জারীকৃত আদেশটি e-mail এ প্রেরণ।	বিটিএমসি প্রধান কার্যালয় ও মিলসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অবসর পরবর্তী চূড়ান্ত দেনা-পাওনার অফিস আদেশ জারী করা হয়। জারীকৃত অফিস আদেশের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগকে SMS (খুদে বার্তা) এর মাধ্যমে অবহিত করা হয় এবং আদেশের একটি কপি e-mail এর মাধ্যমে প্রেরণ করা হয়।	প্রস্তাবিত সেবায় কর্মকর্তা/কর্মচারীদের অবসর পরবর্তী চূড়ান্ত দেনা-পাওনার অফিস আদেশ জারীকরণের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে SMS (খুদে বার্তা) এর মাধ্যমে স্বল্প সময় ও সহজে অবহিত করা হচ্ছে, যা শ্রম, ব্যয় ও সময় হ্রাস করছে। জারীকৃত আদেশটি e-mail এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে, যার ফলে সেবাগ্রহনকারী অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের শ্রম, ব্যয় এবং সময় হ্রাস পাচ্ছে।	বাস্তবায়িত
০২	২০২০-২১	Google Calender Apps এর মাধ্যমে সভা,সেমিনার ও কর্মশালার তারিখ, সময় ও স্থান সম্পর্কে অবহিতকরণ।	সংস্থার সভা, সেমিনার, কর্মশালা ইত্যাদি কম্পিউটারে নিশ্চিত করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তাদের ই-মেইল আইডি সংযুক্ত করলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের Google Calender Apps এ তা প্রতিফলিত হয়। সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগন যদি তাদের স্মার্ট ফোনে Google Calender Apps টি ডাউনলোড করে হোম স্ক্রীনে রেখে দেয় তাহলে সার্বক্ষণিক আগত সভা,সেমিনার, কর্মশালা ইত্যাদি সম্পর্কে অবহিত/হালনাগাদ থাকতে পারবে। সংস্থার সভা,সেমিনার, ওয়ার্কসপ ছাড়াও সংশ্লিষ্ট কর্মকর্তার শাখার ও অন্যান্য দপ্তরের সভার তথ্য ও Google Calender এ পোস্টিং দিয়ে উক্ত তথ্য অন্যান্য সভা, সেমিনার, কর্মশালা ইত্যাদির সাথে সমন্বয় করতে পারবেন। আলোচ্য সেবার মাধ্যমে যে কোন ইভেন্টের নির্ধারিত সময় পূর্বে একাধিক রিমাইন্ডার সেট করার সুযোগ রয়েছে।	বর্তমানে সরকারী নির্দেশনা অনুযায়ী ও বিটিএমসি'র নিজস্ব বিভিন্ন ধরনের সভা,সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত হয়ে থাকে। বিটিএমসি'র কর্মকর্তাগন তাঁর মোবাইল এর হোম স্ক্রীনে Google Calender সংযোজন করলে সভা,সেমিনার ও কর্মশালার তারিখ,সময় ও স্থান ইত্যাদি বিষয়গুলো সহজে দৃষ্টিগোচর হবে এবং Google Calender এর মাধ্যমে সভা, সেমিনার ও কর্মশালার নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে রিমাইন্ডার পাওয়া যাবে। এই সেবাটি বাস্তবায়িত হলে বিভিন্ন দাপ্তরিক সভা,সেমিনার ও কর্মশালার নির্ধারিত তারিখ, সময় ও স্থান সম্পর্কে সংশ্লিষ্ট সকলের সাথে সহজে তথ্য আদান-প্রদান করা সম্ভব। এর ফলে সময় ও শ্রম ব্যয় হ্রাস পাবে।	বাস্তবায়িত


সন্দীপ লাহিড়ী
সহকারী প্রধান নির্বাহক
বিটিএমসি, ঢাকা।


মোঃ মহিউদ্দিন
ইনোভেশন অফিসার ও ফোকাল পয়েন্ট
বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন
বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।